গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৫

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৯
১৭ মে ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।**

**২। আজ ১৭ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, টাংগাইল, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর সতর্ক সংকেত (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। আজ ১৭ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিরাজমান রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রাজশাহী ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়ার সাথে বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
তাপমাত্রাঃ সারাদেশের দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তাপ প্রবাহঃ** চাঁদপুর, রাজশাহী, খুলনা ও যশোর জেলা সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) :** সামান্য পরিবর্তন হতে পারে।
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৭ | ৩৪.০ | ৩৬.০ | ৩৪.০ | ৩৬.২ | ৩০.৭ | ৩৬.৫ | ৩৫.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.০ | ২২.৩ | ২৫.০ | ২১.২ | ২১.২ | ২২.১ | ২৬.০ | ২৮.০ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৬.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ও তাড়াশ ২২.০° সেঃ।**
**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**৫। অগ্নিকান্ডের তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৬ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | **মোট** | **৯** | **০** | **০** |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- গঙ্গা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, অপর দিকে ব্রহ্মপুত্র-যমুনা ও পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা ও দুধকুমার নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ প্রদেশের কতিপয় স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং প্রধান নদীসমূহের (সুরমা, কুশিয়ারা, ভোগাই-কংস, ধনু-বাউলাই, মনু, খোয়াই) পানি সমতল কতিপয় পয়েন্টে সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার নদীসমূহের পানি সমতল কতিপয় স্থানে বিপদসীমা অতিক্রম করতে পারে এবং সিলেট জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৮০ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২২ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৭ | **বিপদসীমার উপরে** | **০৫** |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৩ লা জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/১৭ মে,২০২২ খৃঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| জেলারনাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কানাইঘাট (সিলেট) | সুরমা | ১৪.১৮ | +১৫ | ১২.৭৫ | +১৪৩ | কানাইঘাট (সিলেট) |
| সিলেট | সুরমা | ১১.০৯ | +৪৩ | ১০.৮০ | +২৯ | সিলেট |
| সুনামগঞ্জ | সুরমা | ৮.১৫ | +৫০ | ৭.৮০ | +৩৫ | সুনামগঞ্জ |
| অমলশীদ (সিলেট) | কুশিয়ারা | ১৬.৭৮ | +২৮ | ১৫.৪০ | +১৩৮ | অমলশীদ (সিলেট) |

**বারিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| ছাতক (সুনামগঞ্জ) | ১৮৭.০ | লালাখাল (সিলেট) | ১৭৫.০ | জাফলং (সিলেট) | ১৬৭.০ |
| শেওলা (সিলেট) | ১২৭.০ | জকিগঞ্জ (সিলেট) | ১১৯.০ | সুনামগঞ্জ | ১০২.০ |
| লরেরগড় (সুনামগঞ্জ) | ১০০.০ | ডালিয়া (নীলফামারী) | ৯৫.০ | লাটু (সিলেট) | ৭৫.০ |
| সিলেট | ৭২.০ | কানাইঘাট (সিলেট) | ৭০.০ | জারিয়াজঞ্জাইল (নেত্রকোণা) | ৬৪.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ৩৬৯.০ | শিলচর (আসাম) | ১২০.০ |
| ধুব্রি (আসাম) | ৬১.০ | শিলং (মেঘালয়) | ৬০.০ |
| দিব্রুগড় (আসাম) | ৫১.০ | গ্যাংটক (সিকিম) | ৪৮.০ |

১৭-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৫/১(১৭১)

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৯
১৭ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৭-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা